

প্রশ্ন ১৯। মুনাফার ঝুঁকি ও অনিশ্চয়তা বহন তত্ত্বের সমালোচনামূলক আলোচনা কর।
অথবা, মুনাফার উদ্ভব সম্পর্কে যে কোন একটি তত্ত্বের সংক্ষিপ্ত আলোচনা কর।

উত্তর : মুনাফার উৎপত্তি কেন ঘটে সে বিষয়ে যে সমস্ত তত্ত্ব প্রচলিত আছে, তার মধ্যে ঝুঁকি ও অনিশ্চয়তা বহনের তত্ত্ব সর্বাধিক উল্লেখযোগ্য। অধ্যাপক হলে ঝুঁকি তত্ত্বের প্রচারক। অধ্যাপক নাইট হলের ঝুঁকি তত্ত্বের সমালোচনা করে অনিশ্চয়তার তত্ত্ব প্রচার করেন। আমরা প্রথমে ঝুঁকি তত্ত্ব ও পরে অনিশ্চয়তার তত্ত্ব আলোচনা করেছি।

ঝুঁকি তত্ত্ব : মার্কিন অর্থনীতিবিদ হলের মতে উদ্যোক্তার সর্বপ্রধান কাজ হল ঝুঁকি গ্রহণ। উদ্যোক্তার মুনাফা হল ঝুঁকি গ্রহণের পুরস্কার। প্রতিটি উৎপাদনক্ষেত্রে বা ব্যবসাতে ঝুঁকি আছে। উদ্যোক্তা ভবিষ্যৎ চাহিদার অনুমান করে দ্রব্যোৎপাদন করে। তার অনুমান সঠিক হলে বর্তমানে উৎপাদিত দ্রব্য ভবিষ্যতে বিক্রি হয়ে যাবে। অথবা, অনুমান সঠিক না হলে ভবিষ্যতে ঐ দ্রব্যের বিক্রির সম্ভাবনা কম হবে ও লোকসান দেখা দেবে। এটাই ব্যবসার ঝুঁকি। সুতরাং ঝুঁকি গ্রহণের জন্য উদ্যোক্তা পুরস্কার (বা, মুনাফা) না পেলে ব্যবসা করে না। ঝুঁকি বহন উৎপাদনের বা ব্যবসার একটি অপরিহার্য উপাদান। তবে সমস্ত ব্যবসাতে বা উৎপাদনক্ষেত্রে ঝুঁকি সমান নয় বলে মুনাফার পরিমাণও এক নয়। যে ব্যবসাতে ঝুঁকি বেশি সেখানে মুনাফার পরিমাণ বেশি। আর, যে ব্যবসাতে ঝুঁকি কম সেখানে মুনাফার পরিমাণও কম। সুতরাং, মুনাফার পরিমাণ ঝুঁকির মাত্রার ওপর নির্ভর করে।

সমালোচনা : এই তত্ত্বের বিরুদ্ধে মূল সমালোচনাগুলো নিম্নরূপ :

(ক) মুনাফার সমস্তটাই ঝুঁকি গ্রহণের পুরস্কার নয় বলে অনেকে মন্তব্য করেন। অর্থনৈতিক ব্যবস্থার বিভিন্ন পরিবর্তনের জন্য উদ্যোক্তা অনেক সময় অপ্রত্যাশিত লাভ করে থাকে।

(খ) অধ্যাপক হলের মতে যে ব্যবসাতে ঝুঁকি বেশি সেই ব্যবসাতে মুনাফাও বেশি। কিন্তু, এই বক্তব্য সঠিক নয়। ঝুঁকিবহুল ব্যবসাতে মুনাফার পরিমাণ সব সময়ে বেশি নাও হতে পারে। প্লাসটিক শল্য চিকিৎসককে উদর-সংক্রান্ত শল্য চিকিৎসক অপেক্ষা অধিক পারিশ্রমিক দেওয়া হয়, যদিও প্রথম চিকিৎসক অপেক্ষা দ্বিতীয় চিকিৎসকের চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে ঝুঁকি বেশি।

(গ) অধ্যাপক কার্ভার মনে করেন যে মুনাফা হল ঝুঁকি এড়ানোর পুরস্কার, ঝুঁকি বহনের পুরস্কার নয়। দক্ষ উদ্যোক্তা সর্বদাই ঝুঁকি কমিয়ে মুনাফা বাড়াতে আগ্রহী হয়।

(ঘ) অধ্যাপক নাইটের মতে সমস্ত ঝুঁকিই মুনাফার উৎপত্তির কারণ ব্যাখ্যা করে না। যে সমস্ত ঝুঁকি নিশ্চিত এবং বীমাযোগ্য সেই সমস্ত ঝুঁকির ক্ষেত্রে মুনাফার উৎপত্তি হয় না। কিন্তু, ব্যবসাতে অনিশ্চিত ঝুঁকি থাকে যা আগে থেকে অনুমান করা যায় না বা বীমাযোগ্য নয়। মুনাফা হল অনিশ্চিত ঝুঁকি বহনের পুরস্কার। অনিশ্চিত ঝুঁকির উৎপত্তি হয় অনিশ্চয়তা থেকে। তাই তাঁর তত্ত্ব মুনাফার অনিশ্চয়তা বহনের তত্ত্ব নামে পরিচিত।

অনিশ্চয়তা বহন তত্ত্ব : অধ্যাপক নাইট হলের ঝুঁকি তত্ত্বের পূর্ণতর ব্যাখ্যা দেন। তিনি ঝুঁকি তত্ত্বের সমালোচনা করে অনিশ্চয়তার তত্ত্ব ব্যাখ্যা করেন। তিনি বলেন ঝুঁকি দুপ্রকারের : নিশ্চিত ঝুঁকি এবং অনিশ্চিত ঝুঁকি। যে সমস্ত ঝুঁকি আগে থেকেই অনুমান করা যায় তাদেরকে নিশ্চিত ঝুঁকি বলে। যেমন, উৎপাদন ক্ষেত্রে আগুন লাগার ঝুঁকি আছে। এই ঝুঁকি বীমার

সাহায্যে এড়ানো সম্ভবপর। বীমা কোম্পানী প্রিমিয়ামের বদলে এই সমস্ত ঝুঁকি বহন করতে রাজি থাকে। প্রিমিয়াম বাবদ ব্যয় উৎপাদন ব্যয়ের অন্তর্ভুক্ত, এবং তা দামকে প্রভাবিত করে। তবে ব্যবসাতে অনিশ্চিত ঝুঁকিও আছে। যে সমস্ত ঝুঁকি অনুমানসাপেক্ষ নয় এবং সেই কারণে বীমাযোগ্য নয় সেই সমস্ত ঝুঁকিকে অনিশ্চিত ঝুঁকি বলে। যেমন, ফ্যাশানের পরিবর্তন, কোন পরিবর্তন দ্রব্যের উদ্ভাবন, সরকারী নীতির পরিবর্তন ইত্যাদি ব্যবসার অনিশ্চিত ঝুঁকি। পোশাক-পরিচ্ছদের ফ্যাশানের পরিবর্তনের জন্য হালফ্যাশানের পোশাক বিক্রেতারা অধিকতর লাভবান হয়। অপরদিকে, পুরানো ফ্যাশানের পোশাক বিক্রেতারা ক্ষতিগ্রস্ত হয় বলে বীমা কোম্পানীতে বীমা করায় না। অন্যভাবে বলা যায় যে এই সমস্ত ঝুঁকি বীমাযোগ্য নয়। উচ্চহারে প্রিমিয়াম দিলেও কোন বীমা কোম্পানী এই ধরনের ব্যবসা করে না। যে সমস্ত ঝুঁকির বিরুদ্ধে বীমা করা সম্ভব নয় নাইটের মতে তা হল অনিশ্চয়তা। অনিশ্চয়তা অর্থনৈতিক ব্যবহার একটা স্থায়ী বৈশিষ্ট্য। এই অনিশ্চয়তার জন্য অনিশ্চিত ঝুঁকি দেখা দেয়। মুনাফা হল অনিশ্চিত ঝুঁকি বহনের পুরস্কার। তাই এই তত্ত্বে অনিশ্চয়তা বহনকে উৎপাদনের অন্যতম উপাদান বলে স্বীকৃতি দেওয়া হয়েছে।

সমালোচনা : এই তত্ত্বের সমালোচনাগুলো নিচে ব্যাখ্যা করা হল :

(ক) অনিশ্চয়তা বহন উদ্যোক্তার একমাত্র কাজ বলে এই তত্ত্বে মনে করা হয়। কিন্তু উদ্যোক্তার সাংগঠনিক ও পরিচালন সংক্রান্ত কাজও আছে। উদ্যোক্তা নতুনত্বের প্রবর্তক হিসেবেও কাজ করে। এই সমস্ত কার্যাবলীর জন্য যে মুনাফার উৎপত্তি হয় তা এই তত্ত্বে অগ্রাহ্য করা হয়েছে। অনিশ্চয়তা বহনের মানসিক অনুভূতিকে একমাত্র উপাদান মনে করা ঠিক নয়।

(খ) অনিশ্চয়তা বহন একটি মানসিক অনুভূতির বিষয়। অনিশ্চয়তার আর্থিক পরিমাপ সম্ভব নয়। এই কারণেই মুনাফার পরিমাণ নির্ধারণ করা সম্ভবপর নয়।

(গ) বাজারের অপূর্ণ প্রতিযোগিতার জন্যও মুনাফার উৎপত্তি হয় তা এই তত্ত্ব স্বীকার করে না।

(ঘ) পরিশেষে, অনিশ্চয়তা শুধুমাত্র উদ্যোক্তা একাই বহন করে না। উৎপাদনের প্রতিটি উপকরণই কম-বেশি অনিশ্চয়তা বহন করে।

মন্তব্য : মুনাফার উৎপত্তির কারণ হিসেবে ঝুঁকি ও অনিশ্চয়তা বহনের তত্ত্ব একটি গুরুত্বপূর্ণ তত্ত্ব। তবে, এই তত্ত্বের বহুবিধ সমালোচনা হওয়ায় এই তত্ত্বের সমর্থকের সংখ্যা বর্তমানে নিতান্তই কম; যদিও আধুনিক তত্ত্বে এই তত্ত্বের সংযোজন করা হয়েছে। প্রসঙ্গত মনে রাখা দরকার যে সর্বসম্মত মুনাফার তত্ত্ব এখনও আবিষ্কৃত হয়নি।